

‘না’ বলতে শিখুন

যখন আপনি অসম্মত হবেন আর যখন আপনার ইচ্ছা হবে না।

- বসের অনৈতিক ইচ্ছা
- কার্যস্থলে অনুচিত ব্যবহার
- সংযুক্ত পরিবারে স্বার্থের লড়াই
- অপ্ৰাপ্তবয়স্কদের অনৈতিক শোষণ
- সরকারী পদে ভ্রষ্টাচার
- বন্ধু-বান্ধব আর আত্মীয়দের অনুচিত দাবী
- অসহায়তা আর বাধ্যতা
- সময় আর ক্ষমতার থেকে বেশী কাজের দাবী

এই ধরণের পরিস্থিতির মোকাবিলা করার
কলা শেখানো বেস্ট সেলিং পুস্তক

Learn to Say

NO

if You
don't Want
to Say

Yes

‘না’
বলতে
শিখুন

রেনু সরন



ডায়মণ্ড বুকস

ISBN : 978-81-288-3326-7

| | |
|-----------------|---|
| প্রকাশক | : ডায়মণ্ড পকেট বুক্স (প্রা.) লিমিটেড X - 30, ওকলা ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, ফেজ - II নূতন দিঘী - 110 020 |
| ফোন | : 011 - 41611861 |
| ফ্যাক্স | : 011 - 41611861 |
| ই-মেল | : sales@dpb.in |
| ওয়েবসাইট | : www.dpb.com |
| সংস্করণ | : 2011 |
| বঙ্গানুবাদ | : সুমনা চক্রবর্তী |
| সম্পাদনা | : সমীর দে |
| লেজার টাইপসেটিং | : ল্যাপ্রয়েজটন, কার্তিক দে |
| মুদ্রক | : আদর্শ প্রিন্টার্স, শাহদরা, দিঘী - 110 032 |

NA KAHNA SEEKHEN (BENGALI)

By: Renu Saran

বিষয় 'সূচী

| | |
|---|-----|
| 1. কেন এই পুস্তকের অবতারণা ? | 5 |
| 2. ভালোমানুষি আশীর্বাদ না অভিশাপ ? | 7 |
| 3. প্রারম্ভিক সূত্র ? | 13 |
| 4. আপনি কি প্রয়োজনের তুলনায় বেশী ভালো মানুষ ? | 15 |
| 5. আপনি ভদ্রতা সঙ্গে নিয়ে জন্মাননি | 48 |
| 6. ব্যবহার পরিবর্তন করা সম্ভব | 80 |
| 7. নিজের ইচ্ছা মতন জীবন যাপন করুন : না বলতে শিখুন | 98 |
| 8. নিজেকে বন্ধন মুক্ত করুন | 104 |
| 9. ভদ্রভাবে না বলার পাঁচটি উপায় | 120 |
| 10. না বলার শক্তি | 123 |
| 11. না বলা এক মহান কলা | 126 |
| 12. কিভাবে সীমা নির্ধারণ করবেন এবং না বলবেন | 129 |
| 13. না বলা মুশকিল নয় | 132 |
| 14. গর্বের সাথে না বলুন | 135 |
| 15. কিভাবে অপরাধ বোধ ছাড়া না বলবেন | 137 |
| 16. না বলার উপযোগী সূত্র | 140 |
| 17. না বলা সুবিধাজনক হয়ে উঠতে পারে। | 143 |
| 18. আপনি কি বাধা এড়িয়ে যেতে চান | 152 |
| 19. না বলার কলা শেখার জন্য নিজের ব্যবহারে পরিবর্তন আনুন। | 170 |

-ঃ কেন এই পুস্তকের অবতারণা :-

'না' বলারি যদি আপনার কাছে কঠিন কাজ হয় তবে বেশীর ভাগ সময়ে অন্যের ইচ্ছা মতন আপনাকে এমন কাজ করতে হবে যা আপনি মন থেকে করতে চান না। এই প্রক্রিয়া যদি ক্রমাগত চলতেই থাকে তবে যেন কোন ব্যক্তির মনে বাস্তব বোধ এবং হতাশার সৃষ্টি হতে পারে, যার ফলে বন্ধুত্বের সম্পর্ক বা যে কোন সম্পর্কই তিলক হয়ে উঠতে পারে। না বলতে পারলে আপনার মনে হবে যে, আপনার নিজের সময় ও জীবনের প্রতি আপনার কোন রকম নির্মূল্য নেই।

আপনি যখন 'না' বলতে সংকোচ বোধ করবেন তখন চারদিকে এমন পরিস্থিতির সৃষ্টি হবে যে আপনার চতুর্দিকে জল পড়ছে অথচ আপনি কল বন্ধ করতে পারছেন না। যদি কাউর অনুরোধের জবাবে আপনি না বলতে চান অথচ 'না' এর পরিবর্তে যদি আপনার মুখ থেকে 'হ্যাঁ' বেরিয়ে যায় তবে আপনার ভেতরে একটা চাপও স্কোভের ভাব ক্রমাৎ এবং সেই স্কোভ উত্তরাত্তর বৃদ্ধি পাবে। এতে আপনার শরীরের উপরেও বিপন্নিত প্রভাব পড়তে পারে এবং সর্বপ্রথম মাথার ফ্রনা রূপে সেই প্রতিক্রিয়া ব্যক্ত হবে। 'না' বলার অর্থ হল জল নির্গত কলের মুখ বন্ধ করে দেওয়া এবং বইরের চাপের ধারা বন্ধ করে দেওয়া। আপনি কি করবেন তা নির্ণয় করার ক্ষমতা আপনার নিজের হাতেই আছে এবং এতে করে আপনার সময় ও জীবনের উপর নিয়ন্ত্রণ বজায় থাকে। সরাসরি না বলতে পারলে তার ভেতর থেকে আপনার আত্মকিঙ্কাস প্রকাশিত হয়।

যে সমস্ত ব্যক্তির না বলতে সংকোচ বোধ করে তাদের মনে বিভিন্ন ধারণার সৃষ্টি হয়। তারা জানে যে ভালো লোকদের কর্তব্যই হল অপরের কাজ করা, না বলার মানে হল স্বার্থপরতা, লোকেরা তাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ, তাই কখনই না বলা উচিত না, যদি আমি না বলি তবে অন্যেরা আহত, মনকুয় হবে এবং অপমানিত বোধ করবে ও

আমাকে পছন্দ করবে না। যদি আপনার মনে এমন ধারণা থেকে থাকে তবে শীঘ্র তা বদলানোর প্রয়োজন, তা না হলে আপনার বেঁচে থাকা সংকেট জানক হয়ে উঠতে পারে।

সাধারণত মানুষের চিন্তা ধারায় দুটি ভ্রান্তির সৃষ্টি হয় বলেই মানুষ না বলতে সংকেত বোধ করে। প্রথম ভ্রান্তি হল—আপনার মনে হয় যে কোন ক্ষতির অনুরোধে না বললে তাকে সরাসরি তিরস্কার করা হয়। দ্বিতীয় ভ্রান্তি হল—আপনার মনে হতে পারে যে, সামনের লোক আপনার 'না' এত সহজে স্বীকার করতে পারবেনা। কিন্তু প্রকৃত সত্য হল, যদি সঠিক উপায়ে সততার সাথে না বলা যায় তবে যে কোন ক্ষতি মুশী মনে তা স্বীকার করে নিতে পারে। অনেক সময় এই ভাবে 'না' বলতে পারলে সম্পর্কের গভীরতা আরোও বৃদ্ধি পায়, কারণ যখন আপনি সততা বজায় রাখেন তখন আপনার সামনের লোকও খোঁলা মনে নিজের মনের ভাব ব্যক্ত করতে পারে এবং ভবিষ্যৎ-এও সে খোঁলা মনে আপনার কাছ থেকে সাহায্য প্রার্থনা করে থাকে।

প্রথমবার 'না' বলতে গিয়ে একটু অসুবিধা বোধ হতে পারে। তার পর অভ্যাস করতে থাকলে 'না' বলার অভ্যাস বিকশিত হতে থাকে। ভিন্ন-ভিন্ন পরিস্থিতিতে না বলার জন্য ভিন্ন-ভিন্ন টেকনিকের প্রয়োজন হয়। এই বইতে কিভাবে না বলবেন সে ব্যাপারে অতি সূক্ষ্ম কিার দেওয়া আছে এবং সেই সঠিক উপায়ও বলে দেওয়া হয়েছে, যেগুলি প্রয়োগ করে সে কোন ক্ষতি দৈনন্দিন জীবনে না বলতে সক্ষম হবে এবং এই পরম্পরা চলতেই থাকবে, যলে তার জীবনও আনন্দময় হয়ে উঠবে।



ভালো মানুষ আশীর্বাদ না অভিশাপ

যে সময় চতুর্দিকে শুধু আক্রমণের খবর এবং হিংসার তাণ্ডব, সেই রকম সংকটের মুহূর্তে সমাজে কিছু ভালো লোক আছে তা ভাবতেও ভালো লাগে। আমাদের পরিবেশকে শান্তিন ও আনন্দময় করে তোলার প্রয়োজন নাই কি? এই রকম পরিস্থিতিতে একটু কম ভালো করার যুক্তি দেওয়ার অর্থ কি হতে পারে?

চতুর্দিকে আক্রমণ বৃদ্ধি পাওয়ার একটি প্রধান কারণ এই হতে পারে যে, আমরা প্রয়োজনের তুলনায় একটু বেশী ভালোতে বিশ্বাস করি। যখনই আমরা আহত হই, তখনই কেউ আমাদের সাথে খারাপ ব্যবহার করে এগিয়ে যায়, আমরা অপরকে সুযোগ নিতে দিই, এবং অপরের সামনে নিজেদের সুখ-শান্তি বর্জন করে দিয়ে প্রয়োজনের তুলনায় নিজেকে

বেশী ভালো প্রমাণ করতে চাই। শক্তি বজায় রাখার জন্য এবং অশান্তিকর পরিবেশকে এড়িয়ে যাওয়ার জন্য আমরা যত ব্যয় সব কিছু স্বীকার করতে রাজী হয়ে যাই, যতবার অপরের চাপ স্বীকার করে নিই, ততবার নিজের ভেতরে অসন্তোষ এবং ক্ষোভের মাত্রা বৃদ্ধি পায়, এর থেকেই পরে বিস্ফোরণের সৃষ্টি হয়।

যখন আমরা নিজস্বের কিয়তও অভিজ্ঞতাকে প্রভাবশালী চুঙে ব্যক্ত করতে অসমর্থ হই তখন তার ফল আমাদেরই ভোগ করতে হয়। আমাদের অধ্যয়নের জগৎকে বাইরে সব সমক্ষে পেশ করতে না পারা যে অক্ষমতা সেই কারণেই আমাদের ভালোমানুষি আশির্বাদে পরিবর্তে অভিশাপ হয়ে দাঁড়ায়।

আমরা সকলেই জানি যে, আমরা যে পরিবেশে থাকি তার ভিত্তিতেই আমরা তৈরী হই। ছোট থেকেই শেখানো হয় যে, সকলের কাজ করে দিলে নিজেকে ভালোমানুষ হিসাবে প্রতিষ্ঠিত করা যায়। ভালো কিছু করলে তবেই ভালো কিছু পাওয়া যায়। সর্বদা আমাদের অপরের উপকার করা উচিত। এই ধরনের ভালো কিয়ত গুলিকে কখনই খারাপ বলা যায় না, এবং আপনি ভালো হবেন না, এমন পরামর্শও আপনাকে দিচ্ছি না।

নিম্নে কিছু বিষয় দেওয়া হল, এই ব্যাপারে এই বিষয়টি আপনার পরিচিত বলে মনে হতে পারে :

নীরা চায়ের কাপ নিয়ে আরাম করে সোফার উপর বসা মাঠেই ফোনটা বেজে ওঠে।

"হ্যালো, নীরা আমি রুচি বলছি। আমি জানি এখন তুমি একটু খালি আছো, কারণ বাচ্চারা স্কুলে চলে গেছে এবং তোমার স্বামী অফিসে বেরিয়ে গেছে। এখন তুমি ঘরে একা বসে আছো, আমার মাথায় একটা ভালো আইডিয়া এসেছে, শহরে জুয়েলারীর মেলা লেগেছে। তুমি তোমার গাড়ী নিয়ে চলে এসো, তোমার সাথেই যাব। আসলে আমি নিজের গাড়ী নিয়ে যেতে পারতাম কিন্তু ওটা একটু পুরানো হয়ে গেছে। আমি ভাবছি, তোমার গাড়ী নিয়ে গেলোই ভালো হবে। আধ ঘণ্টার মধ্যে চলে এসো, ঠিক আছে?"

"রুচি আমি এখন কিছু করছি না ঠিকই কিন্তু আমার কিছু বিষয় পড়ার আছে এবং কিছু ঘরের কাজও আছে..."

"আরে, আদি কালের কথা বল না তো, সব সময় ঘরে বসে থাকলে

দম বন্ধ হয়ে আসবে। ঘর থেকে একটু বাইরে বেরোলে সতেজতা বোধ করবে। অন্য য কোন সময় পড়তে পারো, আমি কিছু শুনতে চাইনা। তুমি আসছো..."

নীরার ইচ্ছা না থাকলেও সে জুয়েলারী সেলে যেতে বাধ্য হয়। সে সরাসরি না কেন বলল না? এটা এমন কিছু কঠিন শব্দ না, কিন্তু নীরার পক্ষে 'না' বলাটা মাউন্ট এভারেস্ট চড়ার থেকেও কঠিন কাজ।

একই ভাবে নিজের পুস্পটি দিকেও লক্ষ্য করুন :

"রীতেশ! অফিস থেকে বেরানোর আগে তোমার সাথে দেখা হয়ে গেলো। কোন একজনকে অফিসে একটু অপেক্ষা করতে হবে, একটা জরুরী ক্যান্সন আসবে। আমার মনে হয় তোমার একটু অপেক্ষা করা উচিত।"

"কিন্তু স্যার আজ আমার স্ত্রীর জন্মদিন। আমাকে একটু তাড়াতাড়ি বাড়ী যেতে হবে।"

"বৌয়ের চাকরের মতন কথা বলছো কেন? তোমার কাছে কেঁরিমার বেশী জরুরী নাকি বৌয়ের জন্মদিন?"

"ও খুবই দুঃখ পাবে। আমি ওকে নিরাশ করতে চাইনা।"

"এ তুমি কি রকম কথা বলছো রীতিশ? তুমি তো কখনও এমন ছিলে না। আমি তো তোমাকে কাজের ছেলে বলেই জানতাম, আর তোমাকে প্রেমোশান দেওয়ার কথাও ভাবছিলাম।"

"ঠিক আছে স্যার, আমি স্ত্রীকে ফোন করে জানিয়ে দিচ্ছি যে আমার বাড়ী পৌঁছাতে দেরী হবে।"

"আরে এটাই তো চেয়েছিলাম, আমি জানি তুমি খুবই কাজের ছেলে।"

বাড়ী ফিরে রীতেশকে অভিমানী বৌয়ের সম্পূর্ণতা করতে হয়।

এই পুস্পটি দেখুন :

"স্যুপরি খুবই ঠাণ্ডা, আমার মনে হয় কাউকে এটা গরম করতে বলা উচিত।"

"পারিত এত লোক আছে, একা তুমিই স্যুপ নিয়ে সমস্যা করে চলেছো।"

"কিন্তু বাবা..."

"একটু ম্যানার তো শেখা উচিত। লোকে কি ভাবে?"

"এটা ঠাণ্ডা..."

"আমার কথা ভেবে একটু বিড়বিড় করা বন্ধ করা"

"ঠিক আছে।"

এই ব্যক্তি নিজের রাগ দমন করে ঠাণ্ডা সুপ পান করে।

এবার এই প্রসঙ্গ দেখুন :

"জীনত, তোমাকে কি সুন্দর লাগছে।"

"মামা, আমি তোমার দেওয়া চুড়িদার পরেছি।"

"এসো, আমার কাছে এসো।"

"মামা, আমি না তোমার ভগ্নি।"

"তুমি যুবতী, সুন্দরী, যৌবন জীবনে একবারই আসে।"

"কিন্তু..."

"কেউ কিছু জানতে পারবে না জীনত। এসো, আর সময় নষ্ট করনা।"

"ঠিক আছে মামা..."

এইভাবেই শুরু হয় কোন অবৈধ সম্পর্ক।

এই প্রসঙ্গটো দেখুন :-

"লীলা মাকেছি হয়ে গেলে আমার ঘরে এসো।"

"কিন্তু স্যার, মাকেছি, এর পর তো আমি নিজের ঘরে গিয়ে শোব।"

"আমি অফিশিয়াল ট্যুরে তোমাকে সঙ্গে করে কেন এসেছি?"

"আপনার খারপটি ভুল, আমি সেরকম মেয়ে নই।"

"তুমি চাকরি করতে চাও কি না?"

"ঠিক আছে স্যার, আমি আসব।"

এই ভাবে একটা অসহায় মেয়ে বসের সাথে রাত কাটিতে বাধ্য হয়।

এই প্রসঙ্গ দেখুন :-

"সুইচি, আমি সীমা বলছি।"

সীমা, তুমি ডিনারে আসছো তো ?

"সুইচি, এই ব্যাপারে কথা বলার জন্য আমি তোমাকে ফোন করেছি। আমার মার শরীর খারাপ, সেই কারণে আমি ডিনারে যেতে পারবনা আমি খুবই দুঃখিত, কিন্তু তুমি তো জানো..."

"আচ্ছা, ঠিক আছে। আমি সব তৈরী করে রেখেছিলাম, কিন্তু তোমার অসুবিধা আছে, কি করা যাবে।"

"তুমি কিছু মনে করলে না তো?"

"না না কোন ব্যাপার না, আমি কিছু মনে করিনি।"

"ঠিক আছে, আমি তোমাকে পরে ফোন করব, বাই।"

সুইচটি রাগ করে ফোন রেখে দেবে, আর কয়েক ঘণ্টা ধরে রান্না করার সময় নিজেকেই ভালো-মন্দ বলতে থাকবে।

এবার এই পুরস্কাটি দেখুন :-

"রাজু, একটা টান দিয়ে দেখ না।"

"আমি সিগারেট খাই না।"

"কি বলছিস? পুরুষ হতে চাস না কি?"

"না, আমি সিগারেটের ঘোঁরা পছন্দ করি না?"

"নারা হোস্টেলে প্রথম আসে তারা এই রকমই বলে। আরে একটু তো চেষ্টা দেখে।"

"ওয়ার্ডস দেখে না ফেলে...."

"ও শূয়ে পড়েছে। নে নে..."

একটা ভালো ছেলে নেশার পথে পা রাখতে বাধ্য হয়।

খুবই সামান্য কিছু পুরস্কার দ্বারা আমরা এটা বুঝতে পারছি যে, মানুষ ভালো থাকার জন্য কতটা আত্মাহুতি দিতে পারে এবং নিজের ক্ষতি ভেবে আনতেও পিছ পা হয়না।

যখন এই ধরনের লোকদের ভেতরের গোমরাশি ক্রিস্টফানের আকার ধারণ করে তখন তারা নিজেদের আহত করে আর তার পর পুনরায় খোলাকের মধ্যে ঢুকে ভালো সোজে যায় এবং এমন একটা ভাব দেখায় যে এগুলি খুবই সাধারণ ব্যাপার।

এই ধরনের লোকেরা নিজেদের পূর্ব-ধারণার কারণে ভালো হয়ে থাকার ব্যাপারে খুবই আস্থামূলক। তারা অপেক্ষা দেওয়ার ব্যাপারে কিশ্বাসী। এই ধরনের লোকের কাছ থেকে যে যা চায় তারা সেটাই দিতে স্বীকার করে। নিজেদের ভালোর জন্য তারা বিরোধ করতে শেখেনি।

জবরদস্তি কোন কাজ করতে তাদের কতটা অসুবিধা হয় তা তারা কাউকে বলতে চায়না। তারা মনে করে তা বললে অপরে আহত হতে পারে এব অন্যরা তার উপর রাগও করতে পারে। বিরোধিতা করলে বন্ধুত্ব নষ্ট হয়ে যেতে পারে, পারিবারিক সম্পর্কে তিক্ততা বৃদ্ধি পেতে পারে, এই সব ভয় সর্বদাই তাদের গ্রাস করে। সকলে তার প্রতি বিরক্ত হবে এমন ভয় তাকে বিব্রত করে ফলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। এই ধরনের ভালো মানুষরা সব সময় পরিণামের ভয় পায়, আর এই ভাবেই জীবনে তাদের ভূমিকা সীমিত থেকে যায়। এই ধরনের

ভালো মানুষি তাদের কাছে অভিশাপে পরিণত হয়।

যারা প্রয়োজনের তুলনায় ভালো হয় তারা না বলতে সংকোচ বোধ করে। এই ধরনের লোকেরা না বলতে জানে না। তারা মনে করে না বলা অনুচিত হতে পারে, অপমানজনক হতে পারে, অমানবীয় হতে পারে। তাই তারা না বলতে সংকোচ-বোধ করে, আসল সত্যি হল, নিজের ভালো স্বভাব কে ব্যক্তি ইচ্ছা করলেই কলায় রূপান্তরিত করতে পারে এবং নিজের ইচ্ছা মতন না বলতেও শিখতে পারে।

যখন কোন ব্যক্তি নিজের স্ববহারে পরিবর্তন আনতে শিখে যায় তখন পরিস্থিতির উপরেও তার নিয়ন্ত্রণ বৃদ্ধি পায়। সে নিজের আবেগ থেকে মুক্ত হয়ে নির্ণয় করতে শিখে যায়। অনিশ্চিত আবেগই মানুষকে অসহায় ও দুর্বল বানিয়ে দেয়। তাই নিজের ব্যক্তিত্বকে সম্পূর্ণ রূপে পরিবর্তন করার কোন প্রয়োজন হয়না। আপনার সামনে যে বিকল্প পথ আছে তা ভালো ভাবে পরখ করে নতুন বিকল্পের আবেশণ করুন এবং এই ভাবেই নিজের স্ববহারে পরিবর্তন আনতে পারেন।

ভালো মানুষরা বেশীর ভাগ ক্ষেত্রেই অত্যন্ত ভদ্র, বোঝাদার, সহানুভূতিশীল এবং উদারচরিতা হয়ে থাকে। তার জানে যে অপরকে সাহায্য করাটা কতটা গুরুত্বপূর্ণ এবং এই কারণেই তারা সকলের প্রতি সহানুভূতিশীল হওয়ারমত জরুরী বলে মনে করে। এরা গর্বের সাথে সকলকে স্বাগত জানায় এবং কাউর কাজই করতে সংকোচবোধ করে না।

একটু কম ভালো হওয়ার অর্থ এই নয় যে মানুষ উপরোক্ত গুণ গুলিকে বর্জন করবে, এই গুণ গুলি পৃথিবীকে সুন্দর করে তোলে তা ভুললে চলবে না। কম ভালো হওয়ার অর্থ হল, নিজের ভালো-মন্দের দিকেও নজর দেওয়া, এটা বর্তমান দিনের জন্য খুবই জরুরী।



প্রারম্ভিক সূত্র

‘প্রারম্ভিক সূত্র’ আপনার কাছে একটা পরীক্ষার মতন, বেশী ভালো মানুষির জন্য আপনার নিজের কতটা দক্ষি হয সেই ব্যাপারে আপনার অন্তর্দৃষ্টি ও সচতনতা বৃদ্ধি পাবে। এই সমস্যা এতটাই জটিল যে আপনি যার জন্য অসহায় বোধ করছেন সেই তত্ত্ব চিনতে পারা আপনার কাছে অস্বিখাজনক হয়ে উঠবে। অন্য দিকে, ভালো হওয়া আপনার কাছে বিরট কোন সমস্যা না হলেও তার থেকে ছোট-ছোট কিছু বিভ্রান্তির সৃষ্টি হতেই পারে, এগুলিকে সম্পূর্ণ রূপে এড়িয়ে চলা সম্ভব না।

আপনাদের মধ্যে কেউ কেউ ভাবতে পারেন যে, এটা অত্যন্ত জটিল সমস্যা, কিন্তু বাস্তবে এটি এতটা জটিল নয়। আপনার ব্যবহারের এমন কিছু দিক আছে যা আপনার হিতের জন্য প্রতিকূল হতে পারে এবং এই

ব্যাপারটি আপনিও খুবই ভালো-মতন জানেন।

এই ব্যাপারটি অত্যন্ত সহজ ভাবে বোঝানোর জন্যই এই বইয়ের অবতারণা এবং আপনি এর সাহায্যে নিজের ব্যবহারকে অতি সহজেই অনুসন্ধান করতে পারবেন :


- যে ভাবে আপনি নিজের ভালো মানুষির প্রকাশ করেন।
- আপনার গ্রহণশীল ব্যবহারে প্রারম্ভিক সূত্র।
- যে আবেগ আপনাকে সীমিত এবং সংকীর্ণ করে রেখেছে।

এই বইতে আপনার ব্যবহারের বিভিন্ন দিকের উপর আলোকপাত করা হবে, এই ব্যাপারে একটা স্তরে আপনি পরিচিত থাকতে পারেন কিন্তু তা বোঝার স্বরপারে আপনার সমস্যা হতে পারে।

এই কারণে আমি আপনাকে যতটা সম্ভব অভ্যাস করার ব্যাপারে প্রেরিত করতে চাই এবং আমার পরামর্শ হল পরবর্তী অধ্যায়ে যে অভ্যাসের কথা ও প্রশ্ন বলা আছে তা পড়ে আপনার মস্তিষ্কে কি ধরণের আবেগ, কিার ও টিপ্পনীর সৃষ্টি হচ্ছে তা একটা ডায়ারিতে লিখতে থাকুন।

এই বইতে আপনার কিার গুলি যাতে নতুন গতি পায় সেই চেষ্টাই করা হয়েছে, এইভাবে অপরের ব্যাপারে প্রয়োজনের তুলনায় বেশী ভালো মানুষি করার ক্ষেত্রে আপনার ভেতরে নতুন চিন্তার সৃষ্টি হবে।

মানুষ হিসাবে আমরা যে পরিবেশে থাকি সেখান থেকেই আমরা ব্যবহার শিখি এবং যদি সচ্ছন্দতার সাথে চর্চা করা যায় তবে শেখা ব্যবহারও সংশোধন করা সম্ভব। এই বইয়ের বিভিন্ন অধ্যায়ের মধ্যে দিয়ে যাওয়ার সময় নিজের কিার এবং মান্যতা গুলিকে তীক্ষ্ণ করে তুলতে পারবেন এবং আপনার ভালো মানুষি আপনার জন্য অভিশাপের পরিবর্তে আশীর্বাদ হয়ে উঠবে।



আপনি কি প্রয়োজনের তুলনায় বেশী ভালো মানুষ

আপনি একজন বিখ্যাত গায়কের অনুষ্ঠান দেখার টিকিট পেয়েছিলেন কিন্তু আজ রাতেই শশুড়ির জন্মদিনের অনুষ্ঠানেরও নিমন্ত্রণ রয়েছে।

আপনি কি করবেন :

- আপনি আপনার শশুড়ির জন্মদিনের অনুষ্ঠানে যাবেন, এই শো-এর কথা মুখে আনবেন পর্যন্ত না কিন্তু মনে-মনে কষ্টবোধ করবেন।
- আপনি শশুড়িকে ফোন করে মিথ্বে বলে দেবেন যে, অফিসে অনেক রাত পর্যন্ত কাজ করতে হবে।

- আপনি আপনার শাশুড়িকে সরাসরি জানিয়ে দেবেন যে আপনার পছন্দের শিংশীর শো চলছে, আপনি তাতে যাবেন বলে ঠিক করে ফেলেছেন এবং পরের দিনের শাশুড়ির জন্মদিনে নিমন্ত্রণ খেতে যাবেন।

আপনার প্রতিবেশী আপনারই এক বন্ধু এক সপ্তাহের জন্য সপরিবারে শহর থেকে বাইরে যাওয়ার সময় আপনাকে তার পাগিত কুকুরটি দেখাশোনা করার জন্য অনুরোধ করে। কুকুরের প্রতি আপনার কোন অনীহা নেই ঠিকই কিন্তু কুকুর পরিষ্কার-পরিচ্ছন্ন করার ব্যাপারে আপনার অনীহা আছে।

এমন অবস্থায় আপনি কি করবেন :

- আপনি কি বলবেন যে, অসুবিধার কিছু নেই, কুকুরকে আপনি সঙ্গে করে নিজের বাড়ীতে নিয়ে আসবেন এবং সম্পূর্ণ মেঝে জুড়ে খবরের কাগজ বিছিয়ে দেবেন কি ?
- আপনি কি বলবেন যে, এতে অসুবিধার কিছুই নেই কিন্তু এক সপ্তাহ ধরে মিস্ট্রী আমার ঘর মেরামত করবে আর এমন অবস্থায় কুকুরটিকে ঠিক মতন দেখাশোনা করা সম্ভব হবে কি করে ?
- আপনি কি সত্যি কথা বলে দেবেন, পরিষ্কার পরিচ্ছন্নতার দিকে খেয়াল রাখতে পারবেন না।

আপনি আপনার নব বিবাহিত স্ত্রীর সাথে বেডরুমে আছেন এবং সহবাসের আগে চুম্বন, আলিঙ্গন প্রভৃতি উপচার পালন করছেন, আপনি চান যে আমার স্ত্রী আপনাকে উত্তেজিত করার জন্য এমন কিছু করুক যাতে আপনি উতলা হয়ে ওঠেন।

সে ক্ষেত্রে আপনি কি করবেন :

- শূন্য থাকবেন এবং স্ত্রীকে নিজের মজীর উপর ছেড়ে দেবেন ?
 - আপনি নিজেই সেই আশায় এমন কাজ করবেন কি যা আপনার স্ত্রীও অনুকরণ করবে।
 - আপনি কি স্ত্রীকে সেই ক্রিয়া সম্পর্কে নিজেই বলে দেবেন ?
- আপনি কম্পিউটার সম্পর্কে যথেষ্ট অভিজ্ঞ। নিজের অফিসে আপনি

কম্পিউটারে কোন সহকর্মীর ব্যক্তিগত কাজ করে দিয়েছেন। এখন এই সহকর্মী বার-বার নিজের কাজ নিয়ে আপনার কাছে আসে এবং এর ফলে আপনার কাজ মাঝ পথে বন্ধ হয়ে যায় যার ফলে ছুটির পর আপনাকে অনেকক্ষণ অফিসে কাটাতে হয়।

আপনি কি করবেন :

- তাকে দেখে হেসে বলবেন কি যে, তাকে সাহায্য করতে আপনার কোন সমস্যা নেই এবং তার কাজ সম্পূর্ণ করার জন্য ছুটির পর দু-ফটা অফিসে থাকবেন।
- আপনি কি তাকে বলবেন যে, কম্পিউটারে কিছু সমস্যা দেখা দিয়েছে এবং বেশ কিছু অসম্পূর্ণ কার্য সম্পূর্ণ না হওয়ার ফলে আপনি তার কাজ করতে পারবেন না ?
- আপনি কি তাকে পরিষ্কার জানিয়ে দেবেন যে, আপনি একবার তাকে সাহায্য করেছেন ঠিকই, কিন্তু বার-বার তার কাজ করা আপনার পক্ষে সম্ভব না।

উপরে যে প্রসঙ্গগুলি দেওয়া হয়েছে কিভাবে সেগুলিকে পরিণত রূপে দেওয়া যায় সে ব্যাপারে আমাদের একটা পিঁধা থেকেই যায়। আপনি যদি জানেন যে আপনি প্রয়োজনের তুলনায় বেশী ভালো মানুষ তাহলে হয় তো আপনি প্রথম ও দ্বিতীয় সমাধানটাই নিবর্তন করতে চাইবেন এবং তা করার আগে আপনি অনেক সময় জুড়ে ভাবনা-চিন্তা করে নেবেন। এবং আপনি এটাও কল্পনা করতে পারেন যে, আপনি যদি দৃঢ় এবং শক্তিশালী হতেন তবে অবশ্যই তৃতীয় সমাধানটি নিবর্তন করতে পছন্দ করতেন। কিন্তু এটাও সঠিক নয়।

মানুষের ব্যবহারের ক্ষেত্রে কোন নিখারিত সঠিক ও ভুল উপায় থাকতে পারে না। এমন কোন ফর্মুলা বা রাস্তা নেই যার উপর আপনি সর্বদা সব রকম পরিস্থিতিতে নির্ভর করতে পারেন। আকাশ থেকে এমন কোন সমাধান সূত্র ঝড়ে পড়ে না, যার ভিত্তিতে আপনি ঠিক করতে পারেন যে আপনি সঠিক পথে পা বাড়ায়ছেন কিনা।

পরবর্তী অধ্যায়ে আপনি জানতে পারবেন যে ব্যবহার সম্পর্কিত

পরিবর্তনের ক্ষেত্রে আপনি কিভাবে নিপুণ হয়ে উঠতে পারেন। গ্রহণশীল প্রাণী রূপে আপনার ভেতরে সম্ভবত এই ব্যাপারটি নিয়ে যথেষ্ট উতলাতা আছে যে আপনার জীবন কিভাবে অতিবাহিত করা ঠিক হবে। অপরের সাথে ব্যবহার বা কথা-বার্তা বলার ব্যাপারে পরিবর্তন আনার ক্ষেত্রে সফল হচ্ছন এমন বোধ না করলে আপনি নিজেই আত্ম-সমালোচক হতে পারেন। এমন অবস্থায় আপনি নিজের অসফলতার কারণ অনুভব করতে পারবেন।

এমন কোন চিন্তা যা আপনার অসফলতা বৃদ্ধি করবে তাকে বলশালী করে তোলা এই বইয়ের উদ্দেশ্য নয়। সরাসরি পথে সর্বদা সঠিক প্রক্রিয়ার ব্যবহার করা যায় এবং ভুল প্রক্রিয়ার ব্যবহার সর্বদা বাঁকা পথে এবং দুর্বল ভাবে হয়ে থাকে।

“এই বই আপনাকে সোজা পথ দেখাবে না, বরং অন্য পথ অন্য বিকল্পের সাথে দেখাবে। কোন পরিস্থিতিতে কোন পথটা গ্রহণ করা ঠিক হবে তা নিবর্তন করার অধিকার সর্বদাই আপনার।”

“ভালো” শব্দটির প্রয়োগ জেনে বুঝেই করা হচ্ছে যা সেই ব্যবহারকে পরিভাষিত করে যার জন্য ব্যক্তি নিজের স্বাভিত্ব, নিজের আকাঙ্ক্ষা এবং লক্ষ্যের থেকে অনেক দূরে চলে যায়। কিন্তু ‘ভালো’ মানুষি দ্বারা প্রেরিত ব্যবহার সর্বদা ভুলই হবে তার কোন মানে নেই। এই বইতে সেই বিষয়ের চর্চা করা হয়েছে যে, আপনি নিজের ভালোর জন্য কিভাবে ‘ভালো মানুষির’ দ্বারা প্রেরিত হয়ে নিজের ব্যবহারে তা প্রকাশ করবেন।

ভালো হওয়া দোষের নয়। অপরের সাথে ব্যবহারের এটাই আদর্শ উপায় হতে পারে কারণ এই ধরনের স্বাভিত্বা সংবেদনশীল, কিারবান, সহমর্মি, বোবাদার এবং অপরের প্রয়োজন বোঝার মতন ক্ষমতা রাখে, নিজেদের মধ্যে একতা, সহমত এবং খুশী বজায় রাখার জন্য ভালো হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ গুণ বলে প্রমাণিত হতে পারে।

কিন্তু, যখন আপনি প্রয়োজনের তুলনায় বেশী ভালো হয় যান, প্রয়োজনের তুলনায় বেশী কিারবান, যখন সব কথাই মেনে নিতে থাকেন তখনই সমস্যার সৃষ্টি হয়। যখন আপনি ঠিক করতে পারেন না যে,

আপনার ব্যবহার কি রকম হওয়া উচিত এবং আলাদা রকম ব্যবহার করেও আপনি ভালো হইতে পারেন, তখনই সমস্যার সৃষ্টি হয়। এই রকম পরিস্থিতিতে এই শব্দ দুর্বলতা, না বলা হতাশা, অবসাদ এবং অশান্তির প্রতীক হয়ে থেকে যায়।

যে ক্ষেত্রে শালীনতা, বিনয়তা এবং মর্দা দেওয়া আবশ্যিক হয়ে ওঠে সেক্ষেত্রে অবশ্যই 'ভালো' ব্যবহার করা উচিত। কিন্তু যখন আপনার সাথে ছলনা করা হয়, আপনাকে শোষণ করা হয়, আপনার ভালো মানুষের সুযোগ নেওয়া হয়, আপনাকে তিরস্কার করা হয়, সোজা কথায় যখন আপনার ভালোমানুষের ব্যবহার করা হয়, সেক্ষেত্রে সাহসী এবং স্পষ্টবাদী হওয়াই খুবই জরুরী। কিন্তু, অন্যেরা পছন্দ করবেনা, অপমানিত বোধ করবে বা অসন্তুষ্ট হবে এই ভেবে যদি আপনি ভয় পান তাহলে বলব আপনি নিজের ভালো বোঝান না, এই পরিস্থিতিতে 'ভালো' ব্যবহার নিশ্চিত রূপে অভিশাপ হয়ে দাঁড়ায়।

যে সমস্ত লোকেরা প্রয়োজনের তুলনায় বেশী ভালো হয় এই ধরনের পরিস্থিতিতে তারা এটাই বিশ্বাস করে যে, তাদের কাছে অন্য কোন পথ খোলা নেই। তারা ভাবে, "আমি এমনি, আর আমি কখনই নিজেকে बदলাতে পারব না।" তাদের পরিস্থিতি খুবই খারাপ হয় কারণ তারা নিজেদেরকে সমস্যার হাত থেকে বাঁচানোর জন্য বিকল্প উপায় গ্রহণও করে না বা গ্রহণ করার কথা তাদের মাথাতেও আসেনা।

অনেক সময় আমরা এমন কাজ করি যা আমাদের করা উচিত নয়। সামাজিক প্রাপ্তি হিসাবে এই ধরনের কাজ আবশ্যিক হয়ে ওঠে। বিভিন্ন রকম গোষ্ঠীর মধ্যে আমাদের জীবন যাপন করতে হয়—পরিবার, সংসার, কার্য-ক্ষেত্র, প্রতিবেশী...শহর, জেলা, দেশ ইত্যাদি। অনেক সময় এমনও পরিস্থিতির সৃষ্টি হতে পারে যখন আমাদেরকে সমাজের ব্যাপকতর স্বার্থের জন্য নিজেদের ইচ্ছা বা প্রয়োজনকে দমন করতে হয়।

এর অর্থ হল কোন একদিন আপনাকে অনেক দেরী পর্যন্ত অফিসে থেকে পত্রের জবাব লেখার জন্য নিজের অফিসারকে সাহায্য করতে হতে

পারে, সেদিন তাড়াতাড়ি বাড়ী পৌঁছে বোয়ের হাতের পরম চা পান করার সৌভাগ্য হয়না, এর অর্থ হল কোন একদিন পাড়ার লোকদের সাথে একত্রিত হয়ে বন্যা পীড়িতদের জন্য আপনাকে চাঁদা একত্রিত করতে হতে পারে, বিভিন্ন জায়গায় ঘুরে-ঘুরে লোকদের থেকে টাকা চাইতে আপনার ভালো নাও লাগতে পারে।

আপনি কোন একদিন আপনার প্রিয় টি.ভি. প্রোগ্রাম ছেড়ে বোয়ের সাথে ঘরের জন্য পর্দা কিনতে যেতেই পারেন, কোন একটা রবিবার ঘরে শুয়ে আরাম না করে অসুস্থ আত্মীয় কেমন আছে তা জানতে যেতেই পারেন। কোন একদিন আপনার ছেলের স্কুলের আয়োজিত 'পারেন্টস টিচার মিটিং'-এ অংশ নেওয়ার জন্য অফিসে হাফ ছুটি করতেই পারেন, কোন একদিন সকালে ব্যায়াম না করে বন্ধুর দাম্পত্য জীবনের কণ্ঠা মিষ্টি করতে যেতেই পারেন।

এই সমস্ত কাজগুলির জন্য আপনাকে খুব বেশী সমস্যার সন্মুখীনতা করতে হয়না, হয়তো আপনি ভাবতে পারেন আপনাকে একটি কাজ ছেড়ে অন্য আর একটি কাজ করতে হচ্ছে, কিন্তু একটি কথা জেনে আপনি খুবই খুশী হবেন যে, একটি বিরাট ভালোর জন্য আপনাকে খুব সামান্যই ত্যাগ করতে হচ্ছে, আর এই ভাবেই আপনি নিজের পরিবার, বন্ধু ও সমাজের সাথে একটা প্রগাঢ় সম্পর্ক তৈরী করতে সফল হন। এই ধরণের কাজ থেকে সৃষ্ট জটিলতা অপরের প্রসন্নতা দেখে দূর হয়ে যায় এবং আপনি অনুভব করতে পারেন যে, আপনি নতুন রূপে একটি ভালো কাজ শুরু করতে পারছেন। এই ভাবে আপনার আত্মবিশ্বাস মজবুত হয়ে ওঠে।

কিন্তু, এই ধরণের ত্যাগ যখন আপনার দৈনন্দিন জীবনে অপবাদের স্থানে নিয়মে পরিণত হয় তখন ভারসাম্য নষ্ট হয়ে যায় এবং আপনার মনে হবে যে আপনার ব্যক্তিগত জীবন এই 'ত্যাগের' কারণে টলমল করছে, এই ভাবে ভালো রূপী ব্যাঙ্ক আপনার খাতা শূন্য হয়ে যায় এবং তাতে ফোকড ও হতাশা রূপী ভাব জমা হতে শুরু করে, যার ফলে অতি শীঘ্রই আত্মবিশ্বাস কমাতে শুরু করে।

এছাড়া, আপনি যদি প্রয়োজনের তুলনায় বেশী ভালো হোন তবে লোকেরাও আপনাকে পছন্দ করবেনা। তারা আপনাকে দুর্বল মনোবল এবং অস্পষ্ট কিছুর দেখে আপনাকে সমস্যায় ফেলার কোন সুযোগই তারা হাত ছাড়া করতে চায়না। যখন আপনি বলবেন, "আপনি যা বলছেন সেটাই ঠিক" বা "আমার কোন অসুবিধা নেই" তখন কিছু লোকের খুবই সমস্যার পড়ে যায় কারণ তারা এই ধরনের নিষ্ক্রিয় প্রতিক্রিয়া পাবে ভারতে পারে না।

আপনি কতটা 'ভালো' মানুষ ?

আপনার ব্যবহার আপনার জন্ম আশীর্বাদ না অভিশাপ-সেটা আপনাকেই ঠিক করতে হবে। আপনার 'ব্যবহার' ভালো হলে আপনার পরিধিও অনেক বৃদ্ধি পাবে, সেক্ষেত্রে আপনাকেই ঠিক করতে হবে যে আপনি কোথায় দাঁড়িয়ে আছেন। নিচ ব্যবহারের একটা তালিকা দেওয়া হল যা গ্রহণশীল ব্যবহারের সাথে সম্পর্কিত। এই তালিকাটি মন নিয়ে পড়ুন। এই ভাবে যেখানে দাঁড়িয়ে আপনার নির্ণয় নিতে অসুবিধার সৃষ্টি হয় সেখানেও আপনি নিজের অন্তিতত্ত্ব কতটা তা অনুভব করতে পারবেন এবং যে স্থানে আপনি নিজের ভারসাম্য বজায় রাখতে পারেন এবং সিদ্ধান্ত নিতে সক্ষম হন সেই স্থানও চিনতে অসুবিধা হবেনা।

এই সুযোগে আপনি আত্ম বিশ্লেষণ করতে সক্ষম হবেন, আপনার স্বভাব কতটা পরিবর্তন আনা জরুরী তাও অনুভব করতে পারবেন, যখনই আপনি সেই পরিস্থিতির সম্পূর্ণতা করবেন তখন না চাইলেও আপনার ব্যবহার পরিবর্তন আনার চেষ্টা করবেন।

তালিকায় যে ব্যবহার গুলি অঙ্কুভুক্ত করা হয়েছে তা ভুল না ঠিক তা জোর দিয়ে বলা সম্ভব না। কোন ব্যবহার যদি আপনার জন্ম ক্ষতিরকারক হয় তবে তাকে ভুল বলে ধরা যেতে পারে। উদাহরণ হিসাবে বলা যায়, যে কোন মূল্য বাস্তুটি এড়িয়ে চলার কিছু লোকের জন্য একদম ঠিক এবং এই কারণ তাদের কখনই কোন সমস্যার মুখোমুখি করতে হয়না। অন্যদিকে কিছু লোকের কাছে বাস্তুটি এড়িয়ে যাওয়ার অর্থ হল, তারা কখনই নিজের সম্মতি জানতে পারবে না,

কখনই নিজেদের ভালোর জন্য মতামত প্রকাশ করতে পারবে না, কখনই কোন বাধা কাটিয়ে ওঠার ব্যাপারে সফল নিস্কর্ষ পর্যন্ত পৌঁছানোর অভিজ্ঞতা প্রাপ্ত করতে পারবেনা-পরে এই ব্যাপার নিয়েই তাদের আফসোস করতে হবে।

আমরা নিজেদের কাজ নিয়ে অতি শীঘ্রই মত প্রকাশ করে দিই-এটি ভালো না খারাপ? আপনি যদি কোন বিষয়কে সমস্যাজনক বলে মনে করেন তবে তা আপনার কাছে সমস্যায় পরিণত হবে। তা আপনার কাছে সমস্যা জনক নাও হতে পারে। তাই, এই কথাটা বলা খুবই ভুল হবে যে, কোন 'ভালো' ব্যবহারই ঠিক নয়।

এই বই থেকে আপনি এটা ঠিক করতে পারবেন যে, আপনার অসুবিধা কি এবং তা দূর করার জন্য আপনি কি করতে পারেন। জীবনকে সঠিক পথে চালনার জন্য একেবারে নতুন নিয়মের দিকে লক্ষ্য করুন তাও ঠিক না।

নিচ আত্মবিশ্লেষণের সাথে সম্পর্কিত প্রশ্ন দেওয়া হল। প্রত্যেক প্রশ্নের পাশে নম্বর দিন : 'কখনই না'-এর জন্য 1, কখন-কখন এর জন্য 2, প্রায় এর জন্য 3 এবং সর্বদার জন্য 4।

আপনি কি এমনটা করেন :

- আপনি কোন ভুল না করলেও ফমা চান কি ?
- প্রয়োজন না হলেও ফমা চান কি - উদাহরণ স্বরূপ, আপনার জন্য গা আনব কি ?
- যে কোন মূল্যে সমস্যা এড়িয়ে যান কি ?
- কখনই কোন ভুল হয় নিজেকে দোষি বলে মনে করেন কি ?
- অন্যদের না চিনলেও তারা কি ভাবে সে নিয়ে মাথা ঘামান কি ?
- অপছন্দের কাজ এড়িয়ে যাওয়ার জন্য মিথ্যা বলেন এবং তা লোকমানের চেষ্টা করেন কি, তারপর আপনার মিথ্যা ধরা পড়ার ভয় পান কি ?
- আপনি সবাইকে অপছন্দ করা সত্ত্বেও আপনি কি চান সবাই আপনাকে পছন্দ করুক ?

- 'না' বলারিকি আপনার অসম্ভব বলে মনে হয় ?
- আপনি কি মনে করেন, অপরকে খুশী করার জন্য আপনার সবকিছু করা উচিত।
- অন্যেরাও আপনার মত উদার হবে এমন মনে করেন কি ?
- কাউর থেকে কিছু চাইতে ধানি বোধ করেন কি ?
- খারাপ খবর শোনার সময় বা বলার সময় হাসেন কি ?
- কেউ দুঃখ পেলে তাকে খুশী করা কি নিজের কর্তব্য বলে মনে করেন ?
- নিজের মনের কথা বলতে গিয়ে সংকোচ বোধ করেন কি ?
- লোক কি ভাবছে সে কথা কল্পনা করে নেন কি ?
- অন্যেরা আপনাকে ঠিক বোবার পরিবর্তে ভুল বুঝবে এমনটা ভাবেন কি ?
- অন্যেরা যখন রাগড়া করে তখন আপনি মিটমাট করার চেষ্টা করেন কি ?
- লোকেরা আপনার মনের কথা শুনতে আগ্রহী নয়, এমনটা ভাবেন কি ?
- আপনি বড়-বড় হাব-ভাব দেখাচ্ছেন এই ভেবে কি আকর্ষণের কেন্দ্র হয়ে উঠতে ভয় পান ?
- যখন কেউ আপনার ব্যবহার নিয়ে কথা বলে তখন আপনি কি নিজের ব্যবহার ঠিক প্রমাণ করার চেষ্টা করেন।
- আঘাত চুপচাপ সহ্য করে নেন, এবং অপরে-আপনাকে কতটা আহত করল তা প্রদর্শিত করার চেষ্টাও করেন না ?
- আপনি যেটিকে নিয়ম বলে মনে করেন তা পালন না করলে বাধা দেন কি ?
- কোন অপয়োজনীয় ফেলন এলে জটিলতা অনুভব করেন এবং তার সাথে কথা বলতে সংকোচ বোধ করেন কি ?
- অন্যেরা আপনার কাছে কি আশা করে তার ভিত্তিতেই আপনি নির্ণয় নেন কি ?

- আপনি যে পরিস্থিতির সাথে লড়তে সক্ষম নন তার থেকে বাঁচার চেষ্টা করেন কি ?
- আপনার কাছে কোন লোক যদি অপরের সাথে খারাপ ব্যবহার করে তবে আপনি কি তার হয়ে ক্ষমা চান ?
- অপ্রায়জনীয় প্রশ্ন করেন কি ? "আমি কি একটা প্রশ্ন করতে পারি ?" বা "এটা কি ঠিক হবে যদি... ?"
- লোকেদের কি নিজের অনুভূতি সম্পর্কে ঠিক মতন বলতে পারেন না ?
- কেউ যদি সাধারণ সমালোচনা করে তাকেও কি আপনি ব্যক্তিগত নিদা বলে মনে করেন।
- যে কথা আপনার মুখ থেকে শোনার আশা করা হয় তার জন্য আপনি সহমত প্রকাশ করেন কি ?
- অন্যরা আপনার কাছ থেকে 'হ্যাঁ'-ই শুনতে চায় এবং ভেবে সন্তোষিত জানান কি ?
- রাগ হলে ভেতর ভেতর গোমরানো সত্ত্বেও বাইরে হাসি বজায় রাখেন কি ?
- জীবন সাথীকে সেক্স সম্পর্কিত ব্যাপারে খোলাখুলি কথা বলতে পারেন না কি ?
- ছোট-ছোট বিষয়ে মন-ক্ষয় হোন অথচ বড়-বড় বিষয়ে নজরও দেন না ?
- নিজের ভালোর জন্য কাউকে কিছু বলতে খারাপ লাগে কি ?
- নিজের পছন্দের নয় অপরের পছন্দের জায়গায় ছুটি কাগিতে যান কি ?
- ধার দেন কিন্তু ফেরত চাইতে সংকোচ করেন কি ?
- আপনাকে ব্যবহার করে এমন লোকেদের সাথে বন্ধুত্ব করেন কি ?
- সিদ্ধান্ত বদলানো উচিত না এমনটি মনে করেন কি ?
- এই ধরনের বাক্য দিয়ে শুরু এমন পরামর্শ হয়তো আপনি বহু পান, "আপনার করার জন্য সবচেয়ে ভালো উপায় হল.... ?"

- আপনার কাছে বন্ধু আপনাকে বিব্রত করছে তা বলতে পারেন না ?
- যখন কেউ বলে যে, "আমার তোমাকে কিছু বলার আছে" তখন সে কথা শোনার জন্য আপনি উতলা হয়ে ওঠেন কি ?
- কোন সঠিক স্থান খুঁজে পান না বলে অপরের সাথে ইচ্ছা না থাকা সত্ত্বেও বাইরে যেতে হয় কি ?
- আপনি কি মনে করেন আপনার প্রত্যেক ব্যক্তির জন্মদিন মনে রাখা উচিত ?
- কাউর কাছে কিছু চাইতে বা নেওয়ার সময় থানি অনুভব করেন কি ?
- সাধারণ ব্যাপারেও আপনি মন ফুস্ব হন কি ?
- বাড়ীতে আন্দের কাজও আপনি করে দেন কি ?
- কাউর থেকে চাওয়া কিছু জিনিস সময় মতন দিতে না পারলে আপনি বিব্রত বোধ করেন কি ?
- মনের থেকে সাই না পেলেও একমত হয়ে যান কি ?
- আপনি কম সমস্যা যুক্ত পথ পছন্দ করেন কারণ বাধার থেকে আপনি দূরে থাকতে চান কি ?
- আপনি কি ভাবেন আপনি ভালো নন ?
- পৃদারতির জন্য চেষ্টা করেন না কি ?
- দেরীতে পৌঁছালে প্রয়োজনের তুলনায় বেশী দুঃখ প্রকাশ করেন কি ?
- গাড়ী চালানোর সময় মনে করেন কি পিছনের গাড়ীর চালক আপনাকে লক্ষ্য করছে ?
- যখন কোন পরামর্শ দেন তখন মন রেখে চলাটা কি জরুরী বলে মনে করেন—উদাহরণ হিসাবে, "এটা কি আপনার জন্য ঠিক হবে ?"
- কেউ কোন উপহার দিলে আপনি কি বলেন, "আপনার দেওয়া কি প্রয়োজন ছিল ?"
- আপনাকে কি বহুক্ষণ কাজ করতে বলা হয় বা অপরের কাজও কি আপনি করে দেন ?

- কোনও বৈঠকে প্রারম্ভিক বক্তৃতা দেওয়া কি আপনার কাছে কষ্টকর হয়ে দাঁড়ায় ?
- সহকর্মী এবং বসরা কখন-সখন আপনার প্রশংসা করে বেশীর ভাগ সময়তে কি সমালোচনাই করে ?
- যখন আপনাকে কেউ কিছু করতে বলে তখন কি আপনি বলেন, "আপনি যা বলবেন, সেটাই ঠিক ?"
- মর্যাদার সাথে প্রশংসা স্বীকার করতে পারেন না কি ?
- লোকেরা কি আপনাকে শোষণ করে ?
- বেতন বৃদ্ধি করতে চাওয়ার পরিবর্তে আপনি কি অপেক্ষা করার উচিত বলে মনে করেন ?
- নিজের সেবা প্রদানের পরিবর্তে কম পরিশ্রম করতে চান কি ?
- দৈনন্দিন জীবনে পরিবর্তন আনতে কি আপনার কঠিন বলে মনে হয় ?
- আপনি যতগুলি পত্রিতে যাওয়ার নিমন্ত্রণ পান সব গুলিতেই যাওয়ার কথা ভাবেন কি ?
- অপরের যাতে খারাপ না লাগে সেই কারণে অপ্রিয় খাবারও খেয়ে নেন কি ?
- কেউ চিৎকার করলে তাকে কিছু বলাটা উচিত বলে মনে করেন না কি ?
- কোন বিষয়ে পুস্তকিত নেওয়ার জন্য প্রয়োজনের তুলনায় বেশী নজর দিতে চান কি ?
- কোন জিনিস যখন তা খারাপ হলে তা বদলাতেও আপনি সংকট বোধ করেন কি ?
- আপনার কি মনে হয় জান সমারোহ প্রভৃতি ক্ষেত্রে আপনাকে বোর বলে মনে করা হয় ?
- আপনি কি ভাবেন ছুটির দিনে আরাম করে উচিত না ?
- আপনি কি এমন লোকদেরও ফোন নম্বর দিয়ে দেন যাদের সাথে আর দ্বিতীয় বার কথা বলতে চান না ?

- আপনাকে কি লোকেরা বলে, আপনি প্রয়োজনের তুলনায় বেশী সংবেদনশীল ?
- আপনি কি কাউকে কিছু বলার আগে নিজের দুর্বলতার কথা বলতে শুরু করেন ?
- আপনি বাবা-মার দিকে বেশী নজর দিতে পাচ্ছেন না ভেবে অপরাধবোধে ভোগেন কি ?

-ঃ আপনার উত্তরের পরীক্ষা নিরীক্ষা :-

চালানোর মতন :

যদি বেশীর ভাগ প্রশ্নের ক্ষেত্রেই আপনার উত্তর 1 বা 2 হয় তবে আপনি কোন বিশেষ পরিস্থিতিতে সঠিক ব্যবহারের নির্ণয় নিতে সক্ষম হন। অনেক সময় আপনাকে এমন কাজ করতে হয়, যা আপনার করা উচিত না বা সেই রকম সময়ে আপনি নিজের ব্যবহার বদলাতে চান, রাজী হয়ে যান, কিন্তু আপনি তা করতে চান না। কিন্তু সাধারণত আপনার জীবন আপনার মজীতেই চলে।

আপনি অপছন্দ হবে এমন আশঙ্কা গ্রস্ত হন না কারণ আপনি জানেন সবাইকে সন্তুষ্ট করা সম্ভব নয় এবং তাই অপরকে খুশীক করার জন্য নিজের ব্যবহার পরিবর্তন করা জরুরী বলে মনে করেন না, আপনার চিন্তার মধ্যে ভার সাম্যতা বজায় থাকে, এর অর্থ হল আপনি নিজের কিছর বা কার্যের জন্য বিব্রত বোধ করেন না।

এই বই আপনার জীবনের সেই অসুবিধাজনক দিকগুলিকে শোধরাতে সাহায্য করবে যে দিক গুলিকে আপনি আরোও বেশী নিয়ন্ত্রণে রাখতে চান, এই বই আপনাকে নতুন ধারা প্রদান করতে সাহায্য করবে।

সীমা রেখা :

যদি আপনার বেশীর ভাগ উত্তর 2 বা 3 হয় তবে এর অর্থ হল আপনার জীবনের কিছু দিক ঠিক-ঠাক নয় এবং আপনি এটাও অনুভব করতে পারবেন যে, আপনার পরিবর্তে পরিস্থিতি অন্য কেউ নিয়ন্ত্রণ করছে। কোন ভালো চিন্তা আপনার ব্যবহার আপনার অনুক্লে

হতে পারে।

এমনটাই মনে হতে পারে যে, জীবন বিরোধিতাসে পরিপূর্ণ এক সময় নিজের মধ্যে মগ্ন থাকতে আপনার কোন সমস্যা হয়না, আপনি যা চান তাই পাওয়া, সঠিক পরিস্থিতির মধ্যে দিয়ে এগিয়ে চলা, এমন করার সময় সহজ অনুভব করা, এবং তারপর এমন সময়ও আসতে পারে যখন কিছু করার জন্য অনির্ণয়ের পরিস্থিতির সৃষ্টি হতে পারে এবং নিজের অনুভূতি প্রকাশ করতে না পারার জন্য আপনি ভেতরে ভেতরে ক্ষুব্ধ হবেন এবং অসহায় বোধ করবেন।

আসলে আপনি এটা জানেন যে অনেক সময়ে আপনি পরিস্থিতি নিজের অনুকূল করে নিতে সফল হন এবং অনেক সময় আপনি নিজেকে এতটাই শক্তিহীন অনুভব করেন যে কোন কিছুই বদলানো আপনার পক্ষে সম্ভব হয়ে ওঠে না, এই প্রকার বিরোধিতাসের কারণে আপনার সমস্যাও বৃদ্ধি পায়।

এই বই আপনাকে সেই বিরোধিতাস সমাধান করতে সাহায্য করবে এবং এই ভাবে আপনার জীবনে ভারসাম্য যুক্ত স্থিতিরও সৃষ্টি হতে পারে। এর সাহায্যে আপনি একটা ভারসাম্য রাখতে শিখে যাবেন এবং অপরের দয়ার উপর নির্ভর করার প্রয়োজন ছুরাবে। আপনার মস্তিষ্ক একটা আদর্শ জীবনের ছবি অর্থাৎ থেকেই বিদ্যমান, তা সার্থক করে তুলতে এই বই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সমস্যার সংকেত :

যদি আপনার বেশীর ভাগ উত্তর 3 অথবা 4 হয় তবে আপনি নিজেই বুঝতে পারছেন যে তা আপনার জন্য কতটা সমস্যাজনক।

আপনি জানেন যে আপনি সর্বদাই হীনমন্যতা বোধ করেন এবং বেশীর ভাগ সময়েই আপনাকে হার স্বীকার করতে হয়। আপনি 'না' বলতে চান কিন্তু আপনার মুখ থেকে 'হ্যাঁ' নির্গত হয়। আপনি কাউর মনে কষ্ট দিতে সংকেচ বোধ করেন এবং অপরের মঞ্জী অনুসারে নিজের ব্যবহার বদলাতে থাকেন। আপনি লোকদের সন্তুষ্ট রাখতে কিবাস করেন কারণ আপনি মনে করেন যে আপনি তাদের সন্তুষ্ট রাখতে না

পাওলে আপনি নিজেই সমস্যা পড়বেন। আপনি নিজের তৈরী নিয়মের ভিত্তিতেই জীবনের খেলা খেলেন। শুধু তাই নয়, আপনি এটাও বিশ্বাস করেন যে, এই নিয়মের উপরে অন্য লোকদের নিয়ন্ত্রণ থাকতে পারে।

বেশীর ভাগ সময়তেই আপনি অস্থির, অনিশ্চিত, চিন্তিত, হতাশ, এবং আশঙ্কিত থাকেন, এবং তারপর ভাবেন যে আপনার এই অবস্থায় থাকা উচিত না এবং আপনাকে এই শোচনীয় পরিস্থিতির থেকে বাইরে বেরাতেই হবে। নিজের জন্য আপনার মনে কোন ভালোবাসা থাকে না এবং আপনি মনে করেন লোক আপনার প্রতি করুণা করছে। আসলে, আপনার এই প্রকার চিন্তা ভুলও না।

আপনার ভাগ্য নিয়ে আপনার মনে যে আফসোস আছে এই বই তা দূর করতে আপনাকে সাহায্য করতে পারে। এই বই আপনাকে বলবে যে, আবেগের গতিতে আপনি একাই ভেসে যান না এবং যেকোন কঠিন পরিস্থিতিতে আপনি নিজেকে দৃঢ় রাখতে পারেন এবং আপনি নিজেকে বদলাতে জানেন। এমন বহু লোক আছে যারা এমনই চিন্তা করে, দীর্ঘ সময় ধরে নিজেকে উপস্থিত মনে করার কোন কারণ নেই।

আপনার অভিজ্ঞতা কেমন ছিল ?

আপনার প্রথম কর্তব্য হল নিজের ব্যবহার সম্পর্কে ওয়াকিবহাল হওয়া, এটাই আপনাকে নিজের সমস্যা বুঝতে সাহায্য করবে। এই ক্ষেত্রে আপনার ব্যবহার ছাড়াও আর একটা গুরুত্বপূর্ণ বিষয় জুড়ে আছে।

আপনাকে নিজের ইচ্ছার বিরুদ্ধেও বহু কাজ করতে হয় এখানে সেই অনভূতির কথাই বলা হয়েছে। এই বই পড়লে আপনি নিজের আবেগকে চিনতে পারবেন এবং প্রয়োজনীয় সংশোধন আনতেও সক্ষম হবেন।

কিন্তু, প্রথম-প্রথম এই সমস্ত প্রশ্নের উত্তর দেওয়ার সময় আপনার মনে কি ধরণের অনভূতির সৃষ্টি হতে পারে তা আমি বুঝতে পাচ্ছি। আপনি কখন কোন বিশেষ প্রতিক্রিয়া অনুভব করেছেন কি? আপনি কি সর্বদাই পরিবার মিত্র এবং কর্মক্ষেত্রের সাথে নিজেকে মানিয়ে নেওয়ার চেষ্টা করেন? কোন ক্ষেত্রে আপনি নিজেকে সবচেয়ে বেশী

সমস্যা জর্জরিত বলে মনে করেন ?

এই প্রশ্ন গুলি কি আপনাকে একটু চমকে দিয়েছে ? সম্ভবত কিছু ক্ষেত্রে আপনি নিজেকে কতটা 'ভালো' বলে মনে করেন ততটা 'ভালো' নন, আবার কিছু ক্ষেত্রে আপনি হয়তো ধারণার অধিক 'ভালো'। যদি অন্য কেউ আপনার সৃষ্টি পড়ে নেয় তাহলে আপনার কেমন লাগবে ?

উজ্জ্বল নস্বর গুলি যোগ করার সময় আপনার কেমন লাগছিল ? আপনার কি কোন সমস্যা হচ্ছিল ? বা আপনি কি কোন রকম লজ্জা বোধ করছিলেন ? আপনার মতন অন্তরাও বিব্রত বোধ করতে পারে সেই ভেবেছেন কি ? আপনি কি সংকোচবোধ করছেন ? কি ধরণের সমস্যা হয়েছিল ? আপনার একাগ্রতা ভঙ্গ হয়েছে কি ?

আপনি কি বলেছেন, "আমি এই সব জ্ঞানি, মতুন করে জানার কিছু নেই" নাকি বলেছেন, "আমি এই রকম কিছু কখনও করিনি কিন্তু এমন বার-বার তা করতে ইচ্ছা করে।"

নাকি নিজেকে বলেছেন, "এইসব বাজে কথা, সামনের বার থেকে আমি নিজেই অনেক বেশী দৃঢ় করে তুলব" নাকি একটি শান্তির নিশ্বাস ভাগ করে ভেবেছেন আপনি সাহায্য পাচ্ছেন।

আজকাল কার দিনে একমত হওয়াই এত সহজ নয়। কিছু লোক আছে যারা দলচ্যুত হয়ে আলাদা কিছু করটাকে উচিত বলে মনে করে না। তারা মনে করে এটা স্বার্থপরতার লক্ষ্য। 'স্বার্থ' এমন একটি শব্দ যা বেশীর ভাগ ক্ষেত্রেই লোকদের ব্যবহার শোধরানোর জন্যই করা হয়ে থাকে এবং তা কার্যকরী বলেও প্রমাণিত হয়। একটি অতি প্রচলিত ধারণা আছে যে, স্বার্থপর হওয়া খারাপ এবং নিঃস্বার্থ হওয়া ভালো।

কোরা ভালো মানুষরা এটা বুঝতেই পারে না যে, স্বার্থপর হওয়া বলতে কি বোঝায়।

নিজের গণ্ডী নিজেই তৈরী করে :

যখনই আপনি নিজের ব্যবহারে পরিবর্তন আনেন, যখনই আপনার মনে হয় কোন বিকল্প পথ নেই, আপনি যখন নিজের অভিব্যক্তি সীমিত করে দেন, আপনার কাজ অপূরণের প্রতি কি ধরণের প্রভাব

বিস্তার করছে, এই সব বিষয়ে মাথা না ঘামিয়ে সাধারণ হয়ে থাকাই ভালো।

নিজের জন্য একটা গভী তৈরী করার মধ্যে খারাপ কিছু নেই। যদি না করা হয় তবে একটা অরাজকতার সমাজের মধ্যেই আমাদের জীবন কাটিতে হবে। তখন "স্বার্থ" কথার অর্থ দাঁড়াবে আত্মকেন্দ্রিকতা এবং নিজের ভালো বোঝা। চতুর্দিকে দায়িত্বহীন লোকেরাই তাগুব করে বেরাবে। কিন্তু, যে আবেগ আপনার জীবনকে সঞ্চালিত করে, তার মধ্যে যদি অসুরফা, লজ্জা, তিরস্কার এবং সমালোচনার ভয় থাকে, তবে আপনার ব্যবহারের মধ্যে একটা সংকীর্ণতার সৃষ্টি হবে। আপনার মনে যদি ভয় ছেপে বসে তবে আপনার আত্মবিশ্বাস দুর্বল হয়ে যাবে।

একটু ভেবে দেখুন তো, আপনি যখন নিজের ব্যবহারের থেকে সরে গিয়ে কিছু করার চেষ্টা করেছিলেন, তখন আপনার মনে কি ধরনের ক্রোধ এসেছিল? তখন হয়তো আপনি নিজেই নিজের মনে বলেছিলেন: "আমি হয়তো এটা করতে পারব না", "উনি এটা পছন্দ করবে না", "এর দ্বারা হয়তো উনি অপমানিত হবেন," "ও সত্যিই রাগ করবে।"

এই ধরনের খেয়াল মনে আসলে আপনার প্রকৃত ইচ্ছা নিয়ন্ত্রিত হয়ে যাবে। উদাহরণ হিসাবে বলা যায় :

- "আমি যদি মা কে বলি প্রতিদিন রাতে তাঁকে ফোন করা আমার পক্ষে একটু সমস্যা জনক তবে উনি দুঃখ পাবেন, আর আমি মাকে দুঃখ দিতে চাইনা।"
- "আমি যদি নিজের প্রেমিককে বলি যে লম্বা চুল তোমাকে বেশী ভালো লাগে তবে ও আমার সাথে আর কখনই কথা বলবে না।"
- "আমি যদি বসকে বলি, এখন পত্রিকা আমি গত মাসের রিপোর্ট তৈরী করতে পারিনি তবে তিনি আমাকে অযোগ্য বলে মনে করবেন আর কখনই কোন গুরুত্বপূর্ণ দায়িত্ব দেবে না।"
- "পটাকেটের শেষ মিণিটা যদি আমি খেয়ে নিই তবে লোকে আমাকে ক্ষুধার্ত বলে মনে করবে?"

- "আমি যদি একে বলি যে শুরুবয়ের সিনেমাটি একেবারেই খারাপ ছিল তবে ও ভাববে আমি ভালো সিনেমা কাকে বলে তা জানিনা এবং ও আমার সাথে সব সম্পর্ক ত্যাগ করে দেবে।

এই সমস্ত "যদি তবের...." পরিস্থিতিতে দুটি গুরুত্বপূর্ণ বিষয় টাখে পড়ে, প্রথমত, একটা পরিনামের ভয় থাকে যা আমাদের কিছু করতে বাধ্য দেয়, দ্বিতীয়ত, আমরা সর্বদা খারাপ দিকের কথাটিই বেশী ভাবি।

আমরা হয়তো কিস্কিত কদাচিৎ ভাবি যে, "যদি আমি বসকে জানাই যে, গত মাসের রিপোর্ট এখনও তৈরী করতে পারিনি তবে তিনি কাজকে আমাকে সাহায্য করার নির্দেশ দেবেন," বা "যদি আমি বসকে জানাই যে, এখনও পর্যন্ত গত মাসের রিপোর্ট তৈরী হয়নি তবে তিনি হয়তো আমার সমস্যার কথা বুঝবেন এবং তা সমাধানের পথও বলে দেবেন," আমরা নিজেদের চারপাশে নিয়ম কানুনে আবদ্ধ একটা গণ্ডী তৈরী করে ফেলি, তখন তৈরী কি হওয়া উচিত, কি কি প্রয়োজন ইত্যাদি, ইত্যাদি।

আপনি নিজের জন্যই প্রয়োজনের তুলনায় ভালো কেনঃ

একাকীত্ব এবং আপনার ব্যবহার

বেশীর ভাগ ক্ষেত্রেই মানুষ যখন একা থাকে তখনই মাথায় বিভিন্ন চিন্তা আসে। তখন তারা বোঝে যে তাদের কেউ দেখছেন ও না, তাদের সম্পর্কে কোন মতামতও প্রকাশ করছে না, তাই তারা ব্যবহারে কোন রকম পরিবর্তন আনার চেষ্টা করে না। যে কোন একা মানুষই একটা বেপরওয়া জীবন যাপন করবে, সে স্নান করার সময় গান গায়, পা ছড়িয়ে বসে টি.ভি. দেখে, চোট-পুছে খাবার খায়, বাড়ীতে যেখানে খুশী কাপড়-জামা ছড়িয়ে রাখে।

যখনই কোন দ্বিতীয় ব্যক্তির প্রবেশ ঘটে, তখনই স্বাভাবিক ভাবেই নিজের ব্যবহারে একটা পরিবর্তন লক্ষ্য করা যায়। কিছু পরিবর্তন যুক্তি

যুক্ত ও উপযোগী হয়ে থাকে। উদাহরণ স্বরূপ বলা যায়: সার্বজনিক দৃষ্টিতে নাকের মাশ্বে আঙুল ঢোকানো খারাপ চরম দেখা হয়। একা থাকলে আপনি হামেশাই এই কাজটা করে থাকেন। খুব কম লোকই আছে যারা অপরের উপস্থিতিতে এই কাজ করে থাকে। একেই বলা হয় সামাজিক ব্যবহার, এই ধরনের রীতি-নীতিকে খারাপও বলা যায়না, এতে করে আপনার স্বাধীনতাও আহত হয়না এবং সঠিক পরিস্থিতি বজায় থাকে।

বিক্র, যদি আপনি মনে করেন যে, লোকেরা আপনার কথা শুনলে হাসবে বা খারাপ ভাবে তবে আপনি নিজের তৈরী রীতি-নীতিকে গুরুত্ব দেওয়ার চেষ্টা করছেন, যা অন্যরা মানতে পাচ্ছে না। অন্যদের সাথে সে বিষয়ে কোন আলোচনাই করা হয়নি।

এখানে একটা উদাহরণ দেওয়া হল:

২৬ বছরের রাণী কল সেটারে কাজ করে এবং ভাড়ার ফ্ল্যাট একাই থাকে। সে খুবই হাসি-খুশী থাকে। আয়নার সামনে অঙ্গ-ভঙ্গি করতে সে খুবই ভালোবাসে। সে নিজের পছন্দের গান বাজিয়ে নাচতে পছন্দ করে এবং প্রায়ই খুব তীব্র আওয়াজে গান শোনে। সে খাবার বানানোর সময় নতুন-নতুন এক্সপেরিমেন্ট করে, সে নিজেও জানেনা সেগুলো খেতে পারবে কিনা। তার পালিত বিড়ালের নাম মিনি। রাণী এই মিনির সাথেই গল্প করে কারণ ও মনে করে মিনি ওর সমস্ত কথা বোঝে। রাণী খেতে বসার সময় মিনিকে সামনের টেবিলে বসিয়ে দেয়। রাণী ছেলেদের মতন ড্রিস ও স্টপ শাট পরতে পছন্দ করে। তার প্রিয় খেলনা টেডী বিয়ার তার বিছানাতেই থাকে। রাণী প্রকৃতি প্রেমী, তার দেওয়ালে একটা প্রাকৃতিক দৃশ্য লাগানো আছে।

একদিন রাণীর সাথে কল-সেটারে কর্মরত রোহনের পরিচয় হয়। তাদের মধ্যে বন্ধুত্ব হয়ে যায় এবং রাণী একদিন রোহনকে তার ফ্ল্যাট ডিনারে আমন্ত্রণ করে। রোহনকে খুশী করার জন্য রাণী সাবধানতার সাথে খাবার বানায়। রাণী স্কাট ও টপ পরে। সে টেডী বিয়ার ও প্রাকৃতিকদৃশ্য লুকিয়ে ফেলে এবং মিনিকে বেডরুমে বন্ধ করে দেয়।

রোহন যখন তার সাথে রাজনীতির কথা বলে তখন সে মৃদু-মৃদু হাসতে থাকে এবং সে তার সমস্ত কথাতেই সন্মতি জানায়। রোহন যখন বলে যে কোন পশুকেই ঘরে রাখা উচিত না কারণ তারা বাইরের মুক্ত পরিবেশেই ভালো থাকে, রাণী সেই কথাতেও সমর্থন জানায়। রোহন যখন তাকে একদিন ডিন্কা বারে নিয়ে যাওয়ার কথা বলে তখন সে নিজের অনিচ্ছা সত্ত্বেও একবারেই হ্যাঁ বলে দেয়। সে যখন তার পোশাকের প্রশংসা করে তখন রাণী বলে, যে কোন মানুষকে সেই পোশাকই পরা উচিত যার দ্বারা তার ব্যক্তিত্ব প্রতিবিম্বিত হয়, সেই কারণে সে সর্বদা এমন পোশাক পরে যাতে তার নরীত্ব প্রকাশ পায়।

রাণী বুঝতে পারছিল যে, সে যে কথা গুলো কিংবাস করেনা সেগুলিই ওর মুখ থেকে বেরিয়ে আসছে। আসলে রাণী বুঝতে পেরেছিল যে রোহনের কথায় সাথে একমত সে কখনই হতে পারবে না, কিন্তু যদি সে কোন অবশ্যহাতেই তার বিড়ালকে রান্‌তায় ফেলে দিতে পারবে না বা শকট পরতে পছন্দ করে এবং ডিন্কা বারে গিয়ে নাচতে তার ভালো লাগেনা, একথা বললে রোহন তাকে কখনই পছন্দ করবে না।

কোন রকম গাপ ছাড়াই রাণী মনে-মনে ঠিকই করে ফেলেছিল যে কি ধরনের ব্যবহারের দ্বারা সে রোহনকে সন্তুষ্ট করবে। তাই সে নিজের প্রকৃত ব্যক্তিত্বকে লুকিয়ে রেখে রোহনের কি ভালো লাগবে আর কি লাগবেনা সেই অনুসারেই ব্যবহার করে গেছে। সে একবারও ভাবিনি যে, সে যেমন সোঁটাই ভালো।

রাণীর জীবনের এই ঘটনা অন্য লোকদের মতনই, তারা নিজেরা যে রকম অন্যের সাথে ব্যবহার করে ঠিক তার অন্য রকম, কারণ তারা মনে করে লোকেরা কি ভাবে, আনোরা অসম্পূর্ণ হবে।

ব্যক্তিত্বের বিরোধভাস দিক :

এমনও কিছু লোক আছে, যাদের ব্যক্তিত্ব একেবারেই অন্য রকম হয়, কার্যস্থলে ব্যক্তিত্ব এক রকম, ঘরে আর এক রকম। আসলে তারা নিজেরদের ব্যক্তিত্বকে নিয়ন্ত্রণ করতে জানে না।

এখানে একটা উদাহরণ দেওয়া হল :

বাড়ীতে মহেন্দ্রকে খুবই স্পষ্ট বাদী ব্যক্তিত্ব বলে মনে হয়। সে টি.ভি.তে ক্রিকেট মাঠ দেখার সময় অকপটাই বলে দিতে পারে কোন টিম জিতবে। সে অকপটে সরকারের ভুল নীতির সমালোচনা করে। সে তার দুটি সন্তানকে কিভাবে মানুষ করবে সে বিষয়ে একটা স্পষ্ট পরিকল্পনা তৈরী করে রেখেছে এবং সেই নিয়ে স্ত্রীর সাথে প্রচুর অশান্তিও হয়। সুযোগ পেলে সে স্কুলের শিক্ষকদেরও উপদেশ দিতে ছাড়ে না।

কার্যক্ষেত্রে মহেন্দ্র একবারেই বদলে যায়। সে কখনই জোরে কথা বলে না। যখনই কোন বিষয়ে তার কাছ থেকে মতামত চাওয়া হয়। সে এড়িয়ে যাওয়ার চেষ্টা করে। যখনই কোন বৈঠকে তার মতামত চাওয়া হয় সে চিন্তা-ভাবনা করে অফিসারদের মনের মতন কথাই বলার চেষ্টা করে। তার কাছে সর্বদাই ক্ষমতার অতিরিক্ত কাজ থাকে, অঞ্চ মুখ থেকে না শোনা যায় না, সে বেশীক্ষণ কাজ করে কাজ শেষ করার চেষ্টা করে। এই কারণে সে স্নাত্ত হয়ে বাড়ী ফেরে, পরিবারের জন্য তার কাছে একবারেই সময় থাকে না।

মহেন্দ্র এমন এক চরিত্রের মানুষ যার জীবন বিরোধিতাসে বন্দী হয়ে আছে। এই বিরোধিতাসই তার সমস্যার কারণঃ যে তার পরিবারকে ভালোবাসে কাউকেই আহত করতে চায়না, কিন্তু অফিস থেকে বাড়ী ফেরার সময় সে নিজের প্রতি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে।

যারা প্রয়োজনের তুলনায় বেশী ভালো হয়, তাদেরকে এই বিরোধিতাসের সন্মুখীনতা করতেই হয়। কার্যক্ষেত্রে সে সর্বদাই চাকরি চলে যাওয়ার চিন্তা করে স্কঁকরে থাকে, তাই বাড়ী ফিরে সে ভুল পহাতেই নিজেকে চিন্তা মুক্ত রাখার চেষ্টা করে, এই কারণেই তার পরিবারের লোকেরা তাকে ভয় পায়।

অনেক সময় ব্যক্তি নিজের অনুভূতি প্রকাশ করার সুযোগ পায়না, এমন অবস্থায় সে ভুল পথে নিজের আবেগকে প্রকাশ করার চেষ্টা করে। বাড়ীতে মহেন্দ্রের ব্যবহার দেখলে তার সহকর্মীরা অবাক হয়ে যাবে। অন্যদিকে যদি তার পরিবারের লোকেরা কার্যক্ষেত্রে ভীত মহেন্দ্রকে দেখে তবে অবাক হয়ে যাবে।

মহেন্দ্র মনে করে, তার এই রকম বৈচিত্রময় ব্যবহারের জন্য সে কাউকেই জবাব দিতে বাধ্য হয়, কারণ তার নিজের ব্যবহারের উপর কোন রকম নিয়ন্ত্রণ নেই। সে জানে সে তার ব্যবহার ঠিক না, অথচ সব জানা সত্ত্বেও তার কিছুই করার নেই।

দয়া করে অসন্তুষ্ট হবেন না :

বিধি, অন্তলোকের মতনই তার খুব কাছের লোকের জন্যই সমস্যায় পড়ে যায়। তার বয়স পঞ্চাশ বছর এবং সে একটি প্রসিদ্ধিটে ফার্মে চাকরি করে। সে যে সমস্যায় আছে তা কাউকেই বুঝতে দেয়না। যার জন্য সে সমস্যায় আছে কখনই তার বিরুদ্ধে কোন রকম নালিশ জানায় না।

বিধি নিজের সমস্যা দূর করার জন্য অন্যদের নিজের মনের কথা বলে। সে তার স্বামীর জন্য দুঃখ পেলে বন্ধুকে সে কথা জানায়। যদি বসের জন্য দুঃখ পায় তবে সহকর্মীকে তা জানায়। যদি শাশুড়ির জন্য দুঃখ পায় তবে স্বামীকে সে কথায় জানায়। তার কাছের লোকেরাই তাকে দুঃখ দেয় অথচ কখনই যার জন্য সে দুঃখিত সে তার মনের কথা জানতে পারে না।

বিধি দুঃখ পেয়েছে এই কথা জানতে পেরে যদি তার কোন কাছের লোক তার প্রতি অসন্তুষ্ট হয় এই ভয়ই তাকে ছেপে ধরে। লোকেরা অসন্তুষ্ট হবে এই ভয় তো সে পায়ই, একই সাথে এই ভয়ও সে পায় সে কেউই নিজের সমালোচনা শুনতে পছন্দ করে না। এই কারণে সে তার কষ্টের কথা অন্যদের বলেও সমস্যা তাকে কখনই জানায় না।

তার বন্ধু তাকে পরামর্শ দেয় যে, তার স্বামীর সাথে কথা বলা উচিত, কিন্তু সে বলে, "আমি কখনই বলতে পারব না। ও সারাদিন অফিসে কাজ করে, বাড়ী ফিরে আমার নালিশ শুনতে ভালোলাগবে না।" তার সহকর্মীরা তাকে বলে যে, তার বসের সাথে কথা বলা উচিত কিন্তু সে বলে, "আমি কখনই তা করতে পারবনা, উনি আমার মতন বহু লোক পেয়ে যাবেন। কিন্তু আমার আর চাকরি থাকবে না।" আর একই ঘটনা ঘটতে থাকে। বিধি মনে করে যে, কাউর সামনে তার

ব্যবহার নিয়ে সমালোচনা করলে সে 'অস্যান্ট' হবে। সে নিজের অনুভূতির কথা বলে ঠিকই, কিন্তু সঠিক লোকের সামনে তা ব্যক্ত করতে পারে না। বিভিন্ন মতন এমন বহু লোক আছে যারা মনের কথা বলতে পারে ঠিকই কিন্তু যার জন্য সমস্যা তার চাখে চাখ রেখে কখনই তা জানাতে পারে না, এটা এমন এক ভ্রমিত আবেগের উদাহরণ যা কখন পরিবর্তন হয়না, অথচ মনের কষ্ট ব্যক্তই থাকে।

আমি এমনই, আমি কাউকে 'না' বলতে পারি নাঃ

রবি একই চূপচাপ কাজ করতে পছন্দ করে। সে কখনই আকর্ষণের কেন্দ্র কিন্তু হতে চায় না। সে যখন কাজ করে তখন যাতে কেউ সেদিকে না তাকায় সে সেই চেষ্টাই করে।

রবি কিছু-কিছু কাজ এমন করে যে তার জুড়ি মেলা ভার—সে একটা ফার্মের সেন্স ম্যানেজার এবং নিজের কর্মচারীদের সাথে খুবই ভালো ব্যবহার করে। সে শালীন, বোঝানার, সে অসীম ধৈর্য নিয়ে লোকদের কথা শোনে, এবং বেশীর ভাগ সময়তেই বেশ কার্যকরী সমাধান খুঁজে বের করে। লোকেরা রবিকে পছন্দ করে, তারা মনে করে সে খুবই ভালো মানুষ, সে অপরের জন্য সব কিছু করতে পারে।

কিন্তু রবি কখন নিয়োগকারীদের আশা পূরণ করতে পারেনা। নিয়োগকারী এবং বড়-বড় অফিসাররা দেখে যে, সে অতি সহজেই মানুষের সাথে মিলে মিশে যেতে পারে, তাই তারা বুঝতে পারে না যে কেন মিটিং-এ সে ভূতের মতন চূপ-চাপ বসে থাকে, কেন কোন রকম কথা বলে না। তারা বুঝতে পায় না যে, রবি চুপিসারে গ্রাহকদের চাহিদা পূরণ করতে পারে অথচ ব্যবসায়িক সওদা করতে পারে না।

তার অফিসাররা তাকে পদোন্নতি দেওয়ার কথাভাবে কিন্তু তাদের মনে হয় যে তার মধ্যে কিছু অনিবার্য গুণের অভাব আছে। তারা ভাবে তার মধ্যে সংকল্প এবং আকাঙ্ক্ষার অভাব আছে, কিন্তু রবি জানে যে তার ভেতরে সংকল্প এবং আকাঙ্ক্ষার অভাব নেই, শুধুমাত্র সে 'না' বলতে পছন্দ করে না, যে মানুষের চাখে খারাপ হতে চায় না। কাউর খারাপ লাগবে এটা ভাবতেই তার খারাপ লাগে।

সে এটা বোঝার চেষ্টা করে না যে, তার কর্মচারীরা তাকে পছন্দ করলেও তার ভালো মানুষির সুযোগ নিতে চায়, তার সাধ্যম্যারও সুযোগও নিতে চায়, কারণ তারা জানে যে রবি কখনই 'না' বলবে না।

এই ধরনের ভালো মানুষির জন্ম রবির নিয়োগকারীরা দ্বন্দ্ব পড়ে যায় অন্য দিকে রবির মত লোকদের দ্বন্দ্ব আরোও বৃদ্ধি পায়। রবির মত লোকেরা আদর্শ ব্যক্তি হওয়ার জন্ম সব কিছু করতে পারে, এই ধরনের লোকদের বস তাদের এই গুণের কথা জানে এবং এই কারণেই তারা তাদের চাকরিতে রাখে। বসেরা মনে করে তাদের 'মেরুদণ্ড' আছে কিন্তু তাদের কাছে সেসিরই অভাব থেকে যায়।

রবি চায় সবাই তাকে পছন্দ করুক, তাই সে কখনই কাউকে অসন্তুষ্ট করে না। যারা সব দিকেই ভারসাম্য বজায় রেখে চলেতে পারে তাদের সম্পর্কেই বলা যায় 'তারা কঠোর অঞ্চল সং'।

এই সমস্ত ক্ষেত্রে শুধু যে 'না' অনুপস্থিত থাকে তাই না, বরং সম্ভাব্য বিকল্পেরও কোন স্থান থাকে না।

বালক সুলভ ব্যবহার :

রাজু আর লীনা অপব্যয়ক সফল দম্পতি, লীনা একটা প্রাইভেট স্কুলের শিক্ষিকা, দু'ট বাচ্চাদের নিয়ন্ত্রিত করতে ওর কোন অসুবিধাই হয়না। বাচ্চাদের নিয়ে সময় কাটতে ও ভালোইবাসে। স্কুল থেকে বাড়ী ফিরেও ও স্বাস্থ্য বোধ করেনা বরং সারাদিন ধরে পড়াশোনার মধ্যে থাকার জন্য সে আরও বেশী উৎসাহ পেয়ে যায়।

রাজু সরকারি চাকরি করে এবং সাধারণ খরচা অনুসারে তার চাকরি নিয়ম ও একঘেয়ে বলে মনে হয় না। ও যে বিভাগে কাজ করে সেই বিভাগে নতনু নতনু পরিকল্পনা তৈরী করে কাষান্বিত করা হয়। সে এই কাজ করতে খুবই উৎসাহ বোধ করে এবং উৎফুল্ল থাকে। রাজু আর লীনার মধ্যে ঝগড়া হলেও তা বেশীক্ষণ স্থায়ী হয়না। তারা নিজেদের মধ্যে অভিজ্ঞতা ও অনুভব ভাগাভাগি করে নেয়। তাদের উৎফুল্লতা, যুবক সুলভ উৎসাহ, যুবক সুলভ মানসিকতা এবং প্রতিশ্রুতি স্বীকার করার সংকল্প তাদের কান্ত রাখে।

বেশীর ভাগ সময়সেই এই ভাবেই কাট।

বিল্ড বাবা-মার প্রসঙ্গ আসলে এমনটা হয়না। দুজনেই বাবা-মা কে ঘুব ভালোবাসে। আবেগের দিক থেকে দুজনেই বাবা-মার উপর খুবই নির্ভরশীল। দুজনের বাবা-মাই পাশাপাশি গ্রামে থাকে।

দোল-দীপাবলীতে রাজু আর লীনা খুবই সামস্যায় পড়ে যায়। দুজনের বাবা মাই ভাবে উৎসবের সময় তাদের কাছে থাকা উচিত। রাজু আর লীনার পক্ষে এক উৎসবে এক গ্রাম আর অপর উৎসবে অন্য গ্রামে যাওয়া অসুবিধা জনক হয়ে ওঠে। উৎসবের সময় আসতেই দুজনে চিন্তিত হয়ে পড়ে। উৎসবের সময় তারা কখনই নিজেদের মত করে কাটতে পারে না, কারণ তাহলে তারা অপরাধবোধে ভোগে।

শুধু উৎসবের সময়তেই এমন হয়না। দুজনের বাবা-মাই চায় সাপ্তাহিক ছুটির দিনও যেন তাদের কাছে এসেই কাটায়। এই স্বপ্নের থেকে রেহাই পাওয়ার জন্য রাজু আর লীনা শনিবার নিজেদের ফোন বন্ধ রাখে। তারা নিজেদের মধ্যে ঠিক করে নেয় রবিবার কি করবে এবং নিজেদের বাবা-মাকে ব্যস্ততার কথা জানিয়ে দেয়।

